নভেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৪৩তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।
তারিখ ঃ ১৭ /১১/২০২২ খ্রিস্টাব্দ
সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকল সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ৩০/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

ক্রঃ	আলোচনাসমূহ	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	**উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) সভায় উপজেলা কৃষি অফিসার জানান যে, বর্তমানে খরিফ-২ মৌসুমে ১৯৮৭০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদ হয়েছে। যা লক্ষমাত্রার তুলনায় ২০ হেক্টর বেশি। মাঠে দন্ডায়মান ফসলে রোগবালাইয়ের প্রকোপ কম রয়েছে। বর্তমানে রাসায়নিক সারের সার্বিক পরিস্থিতি সন্তোষজনক। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	সরকারি প্রনোদনায় কৃষি যন্ত্রপাতি, বীজ ও অন্যান্য উপকরণ প্রদানের ক্ষেত্রে যথাযথ নীতিমালা অনুসরণ পূর্বক সঠিকভাবে বিতরণের বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা ব্যবস্থা গ্রহণ করবেন। সার ডিলার ও সাব ডিলাররা মজুদ করে যেন কৃষক হয়রানি না করে সে বিষয়ে উপজেলা কৃষি কর্মকর্তা যথাযথ মনিটরিং করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	উপজেলা প্রকৌশলীঃ ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, প্রকল্পের নামঃ উপজেলা শহর(নন-মিউনিসিপ্রাল) অবকাঠামো উন্নয়ন প্রকল্প। দৌলতপুর ইউনিয়ন-স্বরুপপুর তালতলা মোড় গোলাবাড়ী দৌলতপুর কলেজ রোড। মোট দুরত্ব চেঃ ০০-৭৬১ মিটার ও চেঃ ১১৭৪-১৩৯৬ মিটার মোট দূরত্ব ৯৮৩ মিটার। খ) হোগলবাড়িয়া ইউনিয়ন- তারাগুনিয়া ফারাকপুর হামিদুলের বাড়ী হইতে ফারাকপুর পূর্বপাড়া আলছালে জামে মসজিদ পর্যন্ত রাস্তা। দুরুত্ব= ৩৭৫ মিটার। উপরোক্ত রাস্তা দুইটি উন্নয়নের জন্য স্থানীয়ভাবে প্রস্তবনা আছে যাহা অন্য কোন প্রকল্পে অন্তর্ভূক্ত নেই। গ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৫ম পর্যায়ের দৌলতপুর পাইলট বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটি কক্ষ নির্মাণ কাজের গুণগতমান বজায় রেখে ঠিকাদার কর্তৃক কাজটি সম্পন্ন করেছেন। কাজের গুনগতমান বিবেচনায় উক্ত কাজের বিল এ মাসিক সভায় উপস্থাপন করা হল। উক্ত উপ প্রকল্পের মোট বিলের পরিমান ১৪,২৯,৩৪৯/- টাকা যেখানে ভ্যাট ১,০৭,২০১/- টাকা ও আইটি বাবদ ৪২,৮৮১/-	(ক)+(খ) ২টি উপজেলা শহর(নন মিউনিসিপাল) অবকাঠামো উন্নয়ন প্রকল্প অনুমোদন স্বাপেক্ষে কাজ দুইটি বাস্তবায়নের জন্য সুপারিশসহ প্রকল্প পরিচালক উপজেলা শহর(নন মিউনিসিপাল) মাষ্টার প্লান প্রনয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ) উক্ত কাজের বিল চূড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী

	টাতা। ভ্যাট ও আইটি বাবদ অর্থ প্রকল্প কার্যালয় থেকে প্রদান করার বিধান রয়েছে।		
০৩	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অক্টোবর/২২ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতী মায়ের জন্য) ৫৯৪, টিটি (টিকা সাধারণ মহিলা ২,৫৬৮ ভিটামিন এ (প্রসব পরবর্তী মায়ের জন্য) ১৫৬, বিসিজি-(টিকা) ৯২৫, পেন্টা-১ = ৮১০, পেন্টা-২= ৮০৭, পেন্টা-৩= ৮২৪, এম আর টিকা ১০০৭, এমএসডি/এমআর-২(টিকা) ৯০৮, মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম (ডিএসএফ) সংক্রান্ত ঃ কার্ড বিতরণ ১৫২, প্রসব পূর্ব সেবা-১ - ২৭০, প্রসব পূর্ব সেবা-২- ১৩০, প্রসব পূর্ব সেবা-৩- ৭০, নরমাল ডেলিভারি ৩৯,সিজারিয়াল অপারেশন ১১, প্রসবোত্তোর সেবা ১০০, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। চিকিৎসা সেবা প্রদান জরুরী বিভাগ ২৬৭৪, বহিঃ বিভাগ ৯০৫৯, অন্তঃবিভাগ ১৮৬৭, কোভিড-১৯ নমূনা পরীক্ষা ৩৬,কোভিড-১৯ পজিটিভ ০২, মৃত্যু নাই।	দাপ্তরিক কাজ ও বিভিন্ন কর্মসূচী সঠিকভাবে পালনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। প্রতিটি কর্মসূচি যেন ভালভাবে হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সভায় সকলে মত দেন। তাছাড়া, হাসপাতালে যে সকল টেস্ট হচ্ছে তা সাধারণ মানুষের জানানোর জন্য গুরুত্বারোপ করেন।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার
০৪	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২২ খ্রিঃ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১০,৮৯৩, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৩৯৯,কনডম গ্রহণ করার সংখ্যা ১২,২১৭ ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০,৮৯০, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৪১১, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০৭০, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২১২ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ১৯,৮১৬ মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৮,৭৫৪ গ্রহণ কারীর হার ৮০.১৮ %। সেপ্টেম্বর/২২ খ্রিঃ মাসে ২৮ জনকে স্থায়ী পদ্ধতির সেবা প্রদান করা হয়েছে। খ) তিনি আরও জানান যে, প্রাগপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পরিত্যক্ত দুটি অতি পুরাতন ও জরাজীর্ণ ভবন আছে। ভবন দুটি অপসারন করার জন্য সভায় আলোচনা করেন।	ক) প্রতিটি কর্মসূচি যেন ভালভাবে হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সভায় সকলে মতদেন। খ) প্রাগপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের পরিত্যক্ত ভবন অপসারনের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করে বিধি মোতাবেক অপসারন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
০৫	**উপজেলা প্রাণিসম্পদ বিভাগ** ঃ ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২২ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ ক) গবাদি প্রাণির টিকাদান ঃ (তড়কা-৩৫০০মাত্রা,ক্ষুরা- ০ মাত্রা, পিপিআর-৬৫০০ মাত্রা) খ) হাঁসমুরগীর টিকাদান ঃ (রাণীক্ষেত-৫০০০০ মাত্রা, গামবোরো- ০০ মাত্রা, ফাউলপক্স- ০ মাত্রা, ডাকপ্লেগ-২০০০ মাত্রা, ফাউল কলেরা-০০ মাত্রা) গ) গবাদি প্রাণির চিকিৎসা ঃ ২৩২০ টি(গরু-৭৯৩ টি, ছাগল-১৪৩৭টি, ভেড়া/গাড়ল-৮৮টি, মহিষ ০২টি) ঘ) হাঁস-মুরগীর টিকাদান ঃ ১০৮৬৬ টি (মরগী-১০৩১৭টি, হাঁস-২৯৩টি, কবুতর-২৫৬টি) ঙ) চিকিৎসা ঃ ০৮টি(কুকুর-০টি, বিড়াল- ৫টি,ঘুঘু-২টি) , ২। গবাদি প্রাণির কৃত্রিম প্রজননের সংখ্যা ঃ ১৪৬০ টি, ৩। রাজস্ব আদয় ঃ - ক) টিকাবীজ বিক্রয় বাবদ ঃ ১৩১০০/= খ) কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৫৭০৫০/= মোট = ৫৭০৫০/= ৪। প্রাণিসম্পদ প্রযুক্তি ও আধুনিক ব্যবস্থাপনা সম্প্রসারণে উঠান বৈঠক আয়োজন ঃ ৪টি (অংশগ্রহণকারীর খামারীর সংখ্যা-৪০ জন)	অত্র উপজেলায় ব্লাক বেঙ্গল ছাগলের মাংসের সম্ভাবনা ও রপ্তানির বিষয়ে করনীয় নির্ধারনের জন্য পালনকারী খামারীদের সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার
০৬	**উপজেলা সমাজসেবা অফিসঃ** উপজেলা সমাজসেবা অফিসার	দাপ্তরিক কাজ গতিশীল, বিদ্যমান কোন	উপজেলা

	সভায় জানান যে, ক্যান্সার, কিডনি, লিভার সিরেসিস,জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া রোগের আক্রান্ ১৮ জন রোগীর মাঝে ৯,০০,০০০/=(নয় লক্ষ) টাকার চেক বিতরণ করা হয়েছে। ২০২২-২০২৩ অর্থ বছরের অসচ্ছল প্রতিবন্ধী ভাতা খাতে ৪৩৪৯ জন প্রতিবন্ধী অন-লাইনে ভাতার আবেদন করেছে। বিভিন্ন ভাতা সংক্রান্ত সমস্যার সমাধানের লক্ষে ১৪টি ইউনিয়ন চেয়ারম্যানদের সাথে বসে বিভিন্ন ভাতা সংক্রান্ত সমস্যার সমাধান করা হয়েছে। এছাড়া অতিকতর যাচাই এর জন্য প্রতিটি ইউনিয়নে সকল ভাতার সম্পূর্ন তালিকা সরবরাহ করা হয়েছে। প্রকল্প ভূক্ত গ্রামের ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম চলমান রয়েছে ও এছাড়া অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। অত্র সমাজসেবা অফিসের ভাতা কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	সমস্যা থাকলে তা নিরোসনে কর্মপন্থা প্রনয়ণ ও তার সঠিক বাস্তবায়নের মাধ্যমে জনগনের ভোগান্তি দূর করার জন্য বলা হয়। প্রয়োজনে ভাতা সংক্রান্ত বিষয়ে প্রতিটি ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে মিটিং করে জরুরী ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হয়। কোন নিরীহ মানুষ যেন হয়রানির শিকার না হয় তা দেখভাল করার জন্য সকলে জোরালো মত ব্যক্ত করেন।	সমাজসেবা
০৭	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) ১ম পর্যায়ে=১,৫৭,৪৯,৮০৫/৫৩ টাকার কাজের অগ্রগতি ৭০%। গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) ১ম পর্যায়=১০৪.৯৯৮২ মেঃ টন চালের কাজ চলমান। অগ্রগতি ৯০%। গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা) ১ম পর্যায়=১০৪.৯৯৮২ মেঃ টন চালের কাজ চলমান(অগ্রগতি ৯০%। গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষন (টিআর) ১ম পর্যায়=১,২৭,০৮,২২২/৪৩টাকার কাজ চলমান/অগ্রগতি ৯৫%। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্সান প্রকল্পের কাজ চলমান। অগ্রগতি ৩০%। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় গ্রামীন রাস্তায় কম-বেশী সেতু/কালভার্ট নির্মাণ প্রকল্পের কাজ চলমান। অগ্রগতি ১৫%।	২০২২-২৩ অর্থ বছর গ্রামীন অবকাঠামো সংস্কার(কাবিটা)/(কাবিখা) সাঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
০৮	**উপজেলা মাধ্যমিক শিক্ষা ঃ** ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠান সমূহ সকাল ১০.০০ টা থেকে বেলা ৪.০০ টা পর্যন্ত প্রতিষ্ঠান সমূহ চলছে। ২। সরকারী কোচিং নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠান সমূহে কোচিং পরিচালনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হচ্ছে। ৩। দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।	বিভিন্ন বিদ্যালয় হতে নিয়োগ অর্থ ব্যয় নিয়ে কিছু অভিযোগ আসছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে বিদ্যামান সমস্যা উল্লেখ করে তা সমাধানের রুপরেখা জানিয়ে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
০৯	**উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। প্রধান শিক্ষকদের নিয়ে মাসিক সমন্বয় সভা উপজেলা অডিটোরিয়াম হলরুমে গত ০৭/১২/২০২২ খ্রি ঃ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ২) সহকারী শিক্ষক নিয়োগের জন্য অত্র উপজেলার মৌখিক পরীক্ষা জেলা প্রশাসকের কার্যালয়ে শেষ হয়েছে। ৩) ২১৭ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকগণকে যথসময়ে আগমন ও প্রস্থানের নির্দেশনা দেওয়া হয়। ৪) ছাত্র-ছাত্রীদের পরিষ্কার পরিচ্ছন্নতা মেনে নিয়মিত পাঠদান কার্যাক্রম চলমান রয়েছে ৫। অত্র উপজেলার ২১৭ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের টিকা প্রদানের জন্য নিবন্ধন করার জন্য প্রধান শিক্ষকগণকে নির্দেশনা দেওয়া হয়।	উপজেলা শিক্ষা অফিসারকে নিয়মিত স্কুলগুলো পরিদর্শন করে প্রতিবেদন দেওয়ার জন্য অনুরোধ করা হয়। পরিদর্শনে যদি কোন ব্যর্তয় ধরা পড়ে তবে নিয়মানুযায়ী ব্যবস্থা নেওয়ার জন্য বলা হয়।	উপজেলা শিক্ষা অফিসার
১০	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** ক) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভি ডব্লিউ ডি ও মাতৃত্ব কালীন ভাতা অনলাইন কার্যক্রম শুরু চলছে ২। তিন মাস মেয়াদী প্রশিক্ষনে	প্রতিদিন প্রশিক্ষণের ক্ষেত্রে প্রার্থী যাচাই-বাছাই যেন স্বচ্ছতার সাথে হয় সে বিষয়ে সতর্ক হওয়ার জন্য বলা	মহিলা বিষয়ক কর্মকর্তা

	ভার্মিকম্পোষ্ট, মৌচাষ ২৫ জন ও ২৫ জন ফ্যাশান ডিজাইন ট্রেডে মোট ৫০ জন প্রশিক্ষন নিচ্ছে নিয়োগের আবেদন চলছে ৩। কিশোরকিশোরী ক্লাব কার্যক্রম চলমান। সপ্তাহে ২দিন সংগীত, আবৃত্তি প্রশিক্ষন চলমান। । সেখানে শিশুদের বিনোদনের জন্য বিভিন্ন ব্যবস্থা রয়েছে।	হয়। প্রতিটি প্রশিক্ষনের ক্ষেত্রে নিয়ম-কানুন যথাযথভাবে প্রতিপালন হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে এবং প্রশিক্ষন তদারকি ও মনিটরিং বাড়ানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	
১১	**উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৭৯ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৪৬৪৪ জন, ৪) মোট শেয়ার জমা ২২,৮১,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৮১,৭১,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৮,৭১,৭৬,০০০/-, ৭) ঋণ আদায় ৩৬,১২,৪৪,০০০/-, ৮) কর্জ আদায় (ক) চলতিঃ ২১৪০৮০০০ /= (খ) খেলাপী ঃ ৩৯২১০০০/= (গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৩ %" অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্মকর্ম সংস্থান প্রকল্প" গ্রহিতার সংখ্যা ঃ ৯৫ জন ঋণ বিতরণ ঃ ৬১,০২,০০০/= ঋণ আদায় ঃ ৪২,৮৭,০০০, ঋণ চলতি ঃ ৫,৫১,০০০/= ঋণ খেলাপী ঃ ১২,৬৪,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৭০%।	বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়টি গুরুত্ত্ব সহকারে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়।যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থার নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা দ্রুত আদায়ের উদ্যোগ গ্রহন করতে হবে। প্রয়োজনে আইনি আশ্রয় নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের আওতায় নলকূপ/পানির উৎসের স্থাপন কাজ চলমান । ২) PEDP-4 প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মান ও নলকূপ স্থাপন কাজ চলমান। ৩) মুজিববর্ষ উপলক্ষে গৃহহীনদের আশ্রায়ন প্রকল্পে নলকূপ স্থাপন কাজ চলমান। ৪। GPs ও NNGPS প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মাণ কাজ চলমান। ৫) ১৫ই আগষ্ট জাতীয় মোক দিবস উপজেলা প্রশাসনের সংগে সম্মিলিতভাবে পালনের জন্য সহমত পোষন করণ। অন্যান্য সেবা মূলক কার্যক্রম চলমান আছে।	নলকুপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। ইতোমধ্যে, নির্দিষ্ট সংখ্যাক টিউবয়েলের চাহিদা প্রেরণ করা হয়েছে। আশ্রায়ণ প্রকল্পে আরও ১১ টি নলকুপ স্থাপনের বিষয়ে পদক্ষেপ গ্রহনের জন্য অনুরোধ করা হয়।	উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা দৌলতপুর
১৩	**উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য বিভাগ প্রধানতঃ নিরাপদ মৎস্য উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণ এর কাজ করে থাকে। এজন্য যা যা প্রয়োজনীয় বিশেষ করে চাষিদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান, ঋণ প্রদান, প্রদর্শন খামার বাস্তবায়ন, জলাশয় সংস্কার ইত্যাদি।	মৎস্য সপ্তাহ পালন ইলিশের প্রধান প্রজনন, সংরক্ষণসহ অন্যান্য কর্মসূচি সঠিকভাবে পালনের জন্য সভায় গুরুত্তারোপ করা হয়। তাছাড়া, যথাযথ নিয়ম প্রতিপালন করে যেন উপকারভোগী নির্বাচন করা হয় সে বিষয়ে গৃহীত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা
১৪	**উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের ২০২২-২০২৩অর্থ বৎসরের রাজস্ব খাতে অডিট ফি বাবদ ১,৩৮,৭০০/-টাকা এবং সমবায় উন্নয়ন তহবিলের ৮২৬৯৪/- টাকা আদায় পূর্বক সরকারী কোষাগারে টেজারি চালানের মাধ্যমে জমা প্রদান ও ডি,ডির মাধ্যমে সমবায় অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হয়েছে। সিডিএফ বাবদ ৭৪৫১৭/-টাকা আদায় হয়েছে উক্ত টাকা ট্রেজারী ও ডি ডি মাধ্যমে ব্যাংকে জমা করা হয়েছে। মথুরাপুর ও সোনাইকুন্ডি আশ্রায়ন প্রকল্পের ঋন আদায় কার্যক্রম চলমান আছে। পাকুড়িয়া-	সভায় সকল কার্যক্রমের সমন্বয় যথাযথভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া,অন্যান্য সকল কর্মসূচী বাস্তবায়নে যথাযথ নিয়ম/নীতিমালা অনুসরন করে আশ্রায়ণ প্রকল্পে ঋণ বিতরণের জন্য সভায় সকলে ঐকমত্য পোষন করেন।	উপজেলা সমবায় কর্মকর্তা

	০১ ও পাকুড়িয়া-০২ আশ্রায়ন প্রকল্পের ০২ টি সমবায় সমিতি গঠন করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২১-২০২২খ্রিঃ মোট ৮৭ টি সমিতি অডিট বরাদ্ধ হয়েছে চলতি মাস পর্যন্ত ০৬ টি সমিতি অডিট কার্যাদি সম্পন্ন করা হয়েছে।		
১৫	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর** ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২২ খ্রিঃ মাসে প্রাধান কার্যালয় থেকে প্রাপ্ত ঋণ তহবিল মোট প্রাপ্তি টাকার পরিমান ঃ ২৫৩৮৮০০/= ২) চলমান ঋণ বিতরণ- ১৫৬০০০০। ৩) এ বছরে মোট ঋণ বিতরণ ১৫৬০০০০। ৪) চলতি মাসে ঋণ আদায় ঃ ২৫৭৩৮০/= ৫) চলতি মাসে ঋন আদায়ের হার ১০০%। ৬) এ মাস পর্যন্ত মোট খেলাপী ঃ ২৭৮৯০২৮/= ৭) এ মাসে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রাপ্ত ঃ ০ জন। ৮) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট প্রশিক্ষন ঃ ৯০৬৩ জন। এছাড়া তাঁর দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন।	ঋণ বিতরণের ক্ষেত্রে সঠিকভাবে ও প্রকৃত ঋণ প্রাপ্ত ব্যক্তি যেন ভালভাবে ঋণ কাজে লাগাতে পারে সে বিষয়টি দেখার জন্য বলা হয়। যদি কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/গ্রুপ/দলের নিকট সরকারী পাওনা/বকেয়া থাকে তবে তা আদায়ের দ্রুত উদ্যোগ গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১৬	উপজেলা বন কর্মকর্তা বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, চারা বিক্রি অক্টোবর/২২ মাসে চারা বিক্রি হয় ১৭১ টি এবং রাজস্ব আদায় হয় ১৫৭৫ টাকা। কাতলামারি হতে খলিসাকুন্ডি রাস্তা সম্প্রসারণ হবে তাই রাস্তার পাড়ের (সিডলিং) কিঃমিঃ দুইটি বাগানের গাছ মাকিং পরিমাণ সম্পর্ন এবং লট তৈরি করা হয়েছে। উক্ত লটসহ ঝড়েপড়া সহ সকল মেয়াদ উত্তৃন্ন বাগান পর্যায়ক্রম টেন্ডারে বিক্রি করা হবে।	অবৈধভাবে গাছ কাটা হলে যথাযথ মনিটরিং ও প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। আশ্রায়ণ প্রকল্পে ফলজ,বনজ ও ঔষধি গাছ রোপনের ব্যবস্থা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। অবৈধ করাত মিল গুলোর তালিকা প্রস্তুত করে ব্যবস্থা গ্রহনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা
১৭	চেয়ারম্যান প্রাগপুরঃ চেয়ারম্যান প্রাগপুর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে মহিষকুন্ডি ইউনিয়ন স্বাস্থ্যকমপেক্সে দুটি পরিত্যক্ত ভবন আছে যেখানে মানুষ মাদক সেবন করে বিধায় পরিত্যক্ত ভবন দুটি অপসারন করার জন্য সভায় আলোচনা করেন।	আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
১৮	চেয়ারম্যান মরিচা ইউনিয়ন ঃ সভায় জানান যে তাঁর ইউনিয়নে তারাগুনিয়া থেকে সোনাইকুন্ডি রাস্তা নির্মানের কাজ চলছে কিন্তু কাজের গুনগতমান খুবই খারাপ এ বিষয়ে সভায় আলোচনা করেন।	আলোচনান্তে উপজেলা প্রকৌশলীকে সঠিকভাবে তদারকি করে ব্যবস্থা গ্রহন করবেন।	উপজেলা প্রকৌশলী
১৯	চেয়ারম্যান রামকৃষ্ণপুর ইউনিয়নঃ চেয়ারম্যান রামকৃষ্ণপুর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বন্যার কারনে রাস্তাঘাট ভেঙ্গে গেছে মেরামত করার জন্য সভায় আলোচনা করেন।	দ্রুত কোন প্রকল্প /কর্মসূচির আওতায় মেরামত করার সিদ্ধান্ত হয়।	উপজেলা প্রকৌশলী
২০	চেয়ারম্যান চিলমারী ইউনিয়নঃ চেয়ারম্যান চিলমারী ইউপি সভায় জানান যে, তাঁর ইউনিয়নে বন্যায় রাস্তাঘাট ভেঙ্গে গেছে মেরামত করার জন্য সভায় আলোচনা করেন। তিনি আরও জানান যে, অত্র উপজেলার সার ডিলার অনেক আগে নিয়োগ হয়েছে যারা সঠিকভাবে কাজ করে না নতুন ভাবে ডিলার নিয়োগের জন্য প্রস্তাব করেন।	আলোচনান্তে উপজেলা প্রকৌশলী সরেজমিনে পরিদর্শন পূর্বক ব্যবস্থা গ্রহন করবেন এবং সার ডিলার নিয়োগের বিষয়ে উপজেলা কৃষি অফিসার বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করবেন।	
২১	**চেয়ারম্যান দৌলতপুর ইউনিয়ন পরিষদঃ** ক) সভায় জনান যে, তাঁর ইউনিয়নের বয়স্ক,বিধবা ও প্রতিবন্ধী ভাতা অনেকেই পাইনা এবং সমাজসেবা অফিসের স্টাফদের আত্নীয় স্বজনের নামে অনেক ভাতার টাকা চলে যাচ্ছে বলে অভিযোগ আনেন এবং সভায় এ বিষয়ে সমাজসেবা অফিসারের ভূমিকা নিয়ে তীব্র সমালোচনা করেন। খ) তিনি আরো জানন যে, ৭০ নং দৌলতখালী সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ভবনের উপর ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে,যে কোন সময়	ক) উপজেলা সমাজসেবা অফিসার-কে বিষয়টি তদন্ত করার জন্য বলা হয়। খ) আলোচনান্তে উপজেলা শিক্ষা অফিসারকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়।	

	অনাকাঙ্খিত ঘটনা ঘটার পূর্বে অপসারন করার জন্য সভায় আলোচনা করেন।		
২২	চেয়ারম্যান ফিলিপনগর ঃ চেয়ারম্যান ফিলিপনগর সভায় জানান যে, তাঁর ইউনিয়নে অনেক জেলে আছে কিন্তু প্রকৃত জেলে না হয়ে কিভাবে গরু পাই তা নিয়ে সভায় আলোচনা করেন।	বিষয়টির উপর আলোচনা করেন এবং উপজেলা মৎস্য অফিসারকে ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়। এখন থেকে সকল স্কীম গ্রহন এর ক্ষেত্রে লিখিত ও সিল-স্বাক্ষর সম্বলিত তালিকা গ্রহণের জন্য সভায় সকলে মতদেন।	উপজেলা মৎস্য অফিসার
২৪	**উপজেলা নির্বাহী অফিসার ঃ** ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে যে, দোকানগুলো আছে তা অপসারনের জন্য গত ০১/০৮/২০২২ তারিখে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের উপস্থিতিতে তাঁর অফিস কক্ষে দোকানদারদের নিয়ে আলোচনা করা হয়। উক্ত আলোচনায় ০১/০৯/২০২২ তারিখের মধ্যে তাদের নিজ নিজ দ্বায়িত্বে উপজেলা পরিষদের অভ্যন্তরে থেকে দোকান অপসারন করার কথা থাকলেও কেউ তা অপসারণ করে নাই। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। খ) তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ নির্মিত হওয়ায় বর্তমান মসজিদটি পরিত্যক্ত হলে উক্ত ভবনে সোনালী ব্যাংক স্থানান্তর করার বিষয়ে আলোচনা করেন। যেহেতু বর্তমান সোনালী ব্যাংক ভবনটি ঝুকিপূর্ণ সেই সাথে উপজেলার সকল দপ্তরের সরকারী কর্মকর্ত ও কর্মচারীদের বেতন ও ট্রেজারী চালান সোনালী ব্যাংকের মাধ্যমে লেনদেন হয় সেহেতু সোনালী ব্যাংক উপজেলা পরিষদের অভ্যন্তরে থাকা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করেন।	ক) সকল সরকারী দপ্তরের নিরাপত্তার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরে সকল দোকান অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া তাদের নামে বরাদ্দ বাতিল ও পল্লী বিদ্যুৎকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খ) উপজেলা পরিষদের অভ্যন্তরে মডেল মসজিদ চালু হলে বর্তমান মসজিদ ভবনটি সোনালী ব্যাংক লিঃ এর (ইতোমধ্যে সোনালী ব্যাংক লিঃ আবেদন করেছে) নিকট নিয়মানুযায়ী ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৫	ক) ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ ক) সভায় তিনি জানান যে, তাঁর অক্টোবর/২০২২ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং ডিসেম্বর/২০২২ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।	ক) সভায়, অক্টোবর/২০২২ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০৬২৫/=(দশ হাজার ছয়শত পচিশ) টাকা, ভাইস চেয়ারম্যানদ্বয় ৬৫০০/= টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং ডিসেম্বর/২০২২ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
২৬	চেয়ারম্যান উপজেলা পরিষদ ঃ ক) চেয়ারম্যান উপজেলা পরিষদ সভায় জানান যে, অফিসার ইনচার্জ দৌলতপুর থানার অনুরোধে দৌলতপুর থানা ভবনে সিসি ক্যামেরা স্থাপনের জন্য অনুরোধ করেন। তাই দৌলতপুর থানা ভবনে সিসি ক্যামেরা স্থাপনের জন্য সভায় আলোচনা করেন। খ) তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের ফুট গোডাউনের রাস্তায় কোন গেইট না থাকায় উপজেলা পরিষদ অরক্ষিত অবস্থায় থাকে। তাই উপজেলা পরিষদের নিরাপত্তার স্বার্থে ফুটগোডাউনের রাস্তায় গেইট নির্মাণ করার জন্য সভায় আলোচনা করেন।	দৌলতপুর থানা ভবনে সিসি ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের থেকে পিআইসির মাধ্যমে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) উপজেলা পরিষদের ফুট-গোডাউনের রাস্তায় গেইন নির্মানের জন্য জন্য উপজেলা প্রকৌশলীকে ২,০০,০০০/= (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের থেকে পিআইসির মাধ্যমে	

		ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৭	অক্টোবর/২২ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে নিম্নবর্নিত বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে । ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ৪০,০০০/= খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫৪,০০০/= গ) উপজেলা চেয়ারম্যান এর্ং ভ্রমন বিল ১০,৬২৫/= ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/= ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২২,০০০/= চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৪,৯৯০/= ছ) উপজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ২৯,৯৯৫/= জ) অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্য বাবদ বিল ১৫,০০০/= ঝ) উপজেলা পরিষদের স্ক্যানার ক্রয় বাবদ বিল ১৫,৪০০/= ঞ) রুপালী ভবনের পানির লাইন মেরামত ও সুন্দর্য্য বর্ধনের জন্য চারা রোপন ২৪,৪২৫/= ট) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপগাড়ি নং কুষ্টিয়া ঘ-১১-০০৩০ এর মেরামত বাবদ ২২,২৫০/= ঠ) উপজেলা পরিষদের রুপালী ভবনের ৩নং বাসার ও রং করণ বাবদ ৩৯,৬৫৪=/	আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০/১১/২০২২

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.৫০৩৯.০৩৯.৪০.০০১.২২- ১৭(৪০)

১৫অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
তারিখ ঃ ------------------------
৩০ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুষ্টিয়া।
৬। উপজেলা------------------------- অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।
৭। চেয়ারম্যান -----------------------------ইউপি, দৌলতপুর, কুষ্টিয়া।
৮। অফিস কপি।

৩০/১১/২০২২

(মোঃ আব্দুল জব্বার)
পরিচিতি নং - ২০৬১৯
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।